বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগ

সূত্র নং-এসএমইএসপিডি সার্কুলার লেটার নং : ০১

৬ মাঘ, ১৪১৬
তারিখ ঃ-----------------
১৯ জানুয়ারী, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বাংলাদেশের সকল আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়,
ঢাকা ।

প্রিয় মহোদয়,

**সৌর শক্তি (Solar Energy),বায়োগ্যাস (Bio-gas) ও বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (Effluent Treatment Plant) খাতে পুনঃঅর্থায়ন (Refinance) প্রসঙ্গে ।**

উপরোক্ত বিষয়ে আমাদের ০৩/০৮/২০০৯ তারিখের এসিএসপিডি সার্কুলার নং- ০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (সার্কুলারের কপি সংযোজিত)।

এ প্রসঙ্গে উলেখ করা যাচ্ছে যে, উপরোক্ত সার্কুলার এ বর্ণিত সৌর শক্তি (Solar Energy), বায়োগ্যাস (Bio-gas) ও বর্জ্য পরিশোধন প্ল্যান্ট (Effluent Treatment Plant) খাতে পুনঃঅর্থায়ন (Refinance) স্কীমের আওতায় অর্থায়নের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদেয় পুনঃঅর্থায়ন সুবিধা এখন থেকে তফসিলি ব্যাংকের পাশাপাশি দেশের আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্যও প্রযোজ্য হবে। স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণে আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রাম্‌স বিভাগ থেকে এতদ্‌সংক্রান্ত নীতিমালা ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সংগ্রহ করার পরামর্শ দেয়া যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

সংযোজনী ঃ বর্ননানুযায়ী ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(সুকোমল সিংহ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোন ৭১৬৫৩২২